



RvZixq gvbewiaKvi Kwgkb

(জাতীয় মানবাধিকার কমিশন আইন ২০০৯ দ্বারা গঠিত সংবিধিবদ্ধ স্বাধীন প্রতিষ্ঠান)
গুলফেশাঁ প্লাজা, ৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভিন সড়ক, মগবাজার ঢাকা-১২১৭
চেয়ারম্যান # ৯৩৩৫৫১৩, সার্বক্ষণিক সদস্য # ৯৩৩৬৩৬৯, সচিব # ৯৩৩৬৮৬৩
ফ্যাক্স # ৮৩৩৩২১৯, ই-মেইল: nhrc.bd@gmail.com

তারিখ: ২৭ আগস্ট, ২০১৩

প্রেস বিজ্ঞপ্তি

মাদারীপুরে যৌনপল্লী উচ্ছেদের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশনের উদ্বেগ

মাদারীপুর যৌনপল্লী উচ্ছেদের ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে। কমিশন অবগত হয়েছে যে, উচ্চ আদালতের নিষেধাজ্ঞা সত্ত্বেও আজ সকালে মাদারীপুরের স্থানীয় একটি সংগঠন কওমের নেতৃত্বে ৫০০/৬০০ লোক অতর্কিত হামলা চালিয়ে প্রায় ৫০০ যৌনকর্মীকে তাঁদের আবাসস্থল থেকে উচ্ছেদ করে। কওমের সমর্থকেরা লাঠি-শোঠা ও ধারালো অস্ত্র নিয়ে তাঁদের ওপর হামলা চালায়। যৌনকর্মী, নারী, শিশু ও বয়স্কদের এলোপাতাড়ি মারধর ও বাড়ি-ঘর ভাংচুর করে। কমিশন জেনেছে যে, যৌনকর্মীরা মাদারীপুর শহর ও এর আশেপাশে ছড়িয়ে পড়েছে ও মানবতর জীবনযাপন করছে। যৌনকর্মীদের সার্বিক মানবাধিকার পরিস্থিতি বিশেষ করে জীবনের নিরাপত্তা ও পুনর্বাসন বিষয়ে কমিশন গভীরভাবে উদ্বেগ।

কমিশন যৌনকর্মীদের নিরাপত্তা বিধানে স্থানীয় প্রশাসনের ব্যর্থতা খতিয়ে দেখতে জনপ্রশাসন ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে বিশেষভাবে অনুরোধ করছে। একইসাথে যৌনকর্মীদের আবাসন সমস্যা ও সার্বিক মানবাধিকার সুরক্ষায় দ্রুত পদক্ষেপ নিতে সরকারের সংশ্লিষ্ট সকল বিভাগ/দপ্তরকে বিশেষভাবে অনুরোধ করছে।

ধন্যবাদসহ,

tgvt ZvRj Bmj vg tP\$aj x

সচিব, জাতীয় মানবাধিকার কমিশন

ফোন: ৯৩৩৬৮৬৩